

## ■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা (ওয়্ ও তায়াম্মুম) রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১১) ওযূর শুরুতে 'বিসমিল্লা-হির রহমা-নির রাহীম আল-ইসলামু হারুন, ওয়াল কুফরু বাতিলুন, আল-ঈমানু নূরুন, ওয়াল কুফরু যুলমাতুন' দু'আ পাঠ করা

উক্ত দু'আর প্রমাণে কোন ছহীহ দলীল নেই। যদিও মাওলানা আশরাফ আলী থানবী (রহঃ) উক্ত দু'আর সাথে আরো কিছু বাড়তি কথা যোগ করে তার বইয়ে উল্লেখ করেছেন। কিন্তু কোন প্রমাণ উল্লেখ করেননি।[1] এটা পড়লে সুন্নাতের বিরোধিতা করা হবে। উক্ত দু'আটি দেশের বিভিন্ন মসজিদের ওযূখানায় লেখা দেখা যায়। উক্ত দু'আ হতে বিরত থাকতে হবে। বরং ওযূর শুরুতে শুধু 'বিসমিল্লাহ' বলতে হবে।[2]

## ফুটনোট

- [1]. পূর্ণাঙ্গ নামায শিক্ষা, পৃঃ ৪৩।
- [2]. ছহীহ তিরমিয়ী হা/২৫, ১/১৩ পৃঃ; ছহীহ ইবনে মাজাহ হা/৩৯৭, পৃঃ ৩২, সনদ হাসান।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1809

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন